



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা
www.bmeb.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৯.২৩.৬০৩৭

৭ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ২১ মে ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: গভার্ণিং বডি ভেঞ্জে দেয়া প্রসঙ্গে

সূত্র: (০১) নং- বামাশিবো/প্রশা/330231001021/84818/নথি নং -70 তারিখ: 31-12-2023 খ্রিঃ

(০২) স্মারক নং- ৫৭.১৬.০০০০.০০৯.২৭.০০৮.২৩.৬০৩২, তারিখ: ১৬/০১/২০২৪খ্রি.

(০৩) স্মারক নং-০৫.১০.০৪০৯.০০১.১৫.০০১.২৪-৪১৭, তারিখ: ০১/০৪/২০২৪খ্রি.

(০৪) স্মারক নম্বর ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৯.২৩.৬০২৬, তারিখ: ২৫-০৪-২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের আলোকে জানানো যাচ্ছে যে, বরগুনা জেলার আমতলী উপজেলাধীন ন,ম,ম আমজাদিয়া আলিম মাদ্রাসার গভার্ণিং বডি সূত্রোক্ত ০১ নং স্মারকে বোর্ড কর্তৃক অনুমোদন দেয়া হয়। জনাব মোঃ নুরুল হক হাং ও মোঃ আঃ জব্বার মিয়া কর্তৃক গভার্ণিং বডির বিষয়ে দাখিলকৃত অভিযোগের প্রেক্ষিতে অভিযোগের বিষয়ে তদন্তের জন্য উপজেলা নির্বাহী অফিসার, আমতলী, বরগুনা-কে সূত্রোক্ত ০২ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার সূত্রোক্ত ০৩নং স্মারকে একটি তদন্ত প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, গভার্ণিং বডি গঠনে অনিয়মের অভিযোগ প্রমাণিত হয়েছে। অভিযোগ প্রমাণিত হওয়ায় সভাপতি এবং অধ্যক্ষকে ০৭ কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য সূত্রোক্ত ০৪নং স্মারকে পত্র প্রেরণ করা হয় কিন্তু অদ্যাবধি সভাপতি ও অধ্যক্ষ কোন জবাব প্রদান করেন নাই।

বর্ণিত অবস্থায়, গভার্ণিং বডি গঠনে অনিয়মের অভিযোগ প্রমাণিত হওয়ায় এবং সভাপতি ও অধ্যক্ষ কোন জবাব প্রদান না করায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান ৩৮ এ প্রদত্ত ক্ষমতাবলে সূত্রোক্ত ০১নং স্মারকে অনুমোদিত গভার্ণিং বডি ভেঞ্জে দেয়া হলো এবং একই সাথে এডহক কমিটি গঠনের অনুমতি চেয়ে আবেদন করার জন্য মাদ্রাসা প্রধানকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২১-০৫-২০২৪

প্রফেসর মোহাম্মদ মাহবুব হাসান

রেজিস্ট্রার (রুটিন দায়িত্ব)

০২-৯৬১২৮৫৮ (ফোন)

০২৫৮৬১৬৬৮১ (ফ্যাক্স)

info@bmeb.gov.bd

অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ, ন,ম,ম আমজাদিয়া আলিম মাদ্রাসা, আমতলী, বরগুনা।

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৯.২৩.৬০৩৭/১(৯)

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, বরগুনা;
- ২। জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, বরগুনা;
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আমতলী, বরগুনা;
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, আমতলী, বরগুনা;
- ৫। ম্যানেজার, সোনালী/বুপালী/অগ্রণী/জনতা ব্যাংক পিএলসি.....শাখা, আমতলী, বরগুনা;
- ৬। মোঃ নুরুল হক হাং (অভিযোগকারী-০১), জমি দাতা ও সাবেক সভাপতি, ন.ম.ম. আমজাদিয়া আলিম মাদরাসা, আমতলী, বরগুনা;
- ৭। মোঃ আঃ জব্বার মিয়া (অভিযোগকারী-২), সাবেক সভাপতি, ন.ম.ম. আমজাদিয়া আলিম মাদরাসা, আমতলী, বরগুনা;
- ৮। পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য) এবং
- ৯। অফিস কপি (নথি নম্বর: ৭০)।



২১-০৫-২০২৪
মোঃ ওমর ফারুক
উপ রেজিস্ট্রার